# Art work of Montinex common insert

# Montinex
Montelukast

**Composition**
**Montinex 4 Tablet:** Each chewable tablet contains Montelukast Sodium BP equivalent to Montelukast 4 mg.
**Montinex 5 Tablet:** Each chewable tablet contains Montelukast Sodium BP equivalent to Montelukast 5 mg.
**Montinex 10 Tablet:** Each film coated tablet contains Montelukast Sodium BP equivalent to Montelukast 10 mg.
**Montinex Fast Tablet:** Each chewable tablet contains Montelukast Sodium BP equivalent to Montelukast 10 mg.
**Montinex R Tablet:** Each film coated tablet contains Montelukast Sodium BP equivalent to Montelukast 10 mg.

**PHARMACOLOGY**
**Mechanism of Action**
**Montinex** (Montelukast) is a selective and orally active leukotriene receptor antagonist that inhibits the cysteinyl leukotriene receptor (CysLT1). The cysteinyl leukotrienes (LTC4, LTD4, LTE4) are products of arachidonic acid metabolism and are released from various cells, including mast cells and eosinophils. Cysteinyl leukotrienes and leukotriene receptor occupation have been correlated with the pathophysiology of asthma, including airway edema, smooth muscle contraction, and altered cellular activity associated with the inflammatory process, which contribute to the signs and symptoms of asthma.

**Indications**
Montinex is indicated for the prophylaxis and chronic treatment of asthma in adults and children.

**Dosage and Administration**

| Age | Dose |
|---|---|
| 6 months – 6 years | 4 mg/day , in the evening |
| 6 years – 15 years | 5 mg/day , in the evening |
| 15 years and older | 10 mg/day , in the evening |

**Montinex** (Montelukast) may be taken with or without food.
Or as directed by the physician.

**Contraindications**
Montelukast is contraindicated in patients who are hypersensitive to any component of this product.

**Side-effects**
Montelukast has been generally well tolerated. Side effects, which usually are mild, including gastro-intestinal disturbances, dry mouth, thirst; hypersensitivity reactions including anaphylaxis, angioedema and skin reactions; asthenia, dizziness, irritability, restlessness, headache, sleep disorders (insomnia, drowsiness, nightmares); upper respiratory tract infection, fever, arthralgia, myalgia. The overall incidence of side effects reported with montelukast was comparable to placebo.

**Precautions**
Montelukast is not indicated for use in acute asthma attacks. Therapy with montelukast can be continued during acute exacerbations of asthma. Montelukast should not be used as monotherapy for the treatment and management of exercise-induced bronchospasm.

**Use in Pregnancy and Lactation**
There are no adequate and well controlled studies in pregnant women. Montelukast should be used during pregnancy only if clearly needed. Montelukast is excreted in milk. So caution should be exercised when montelukast is given to a nursing mother.

**Drug Interactions**
It is reasonable to employ appropriate clinical monitoring when potent cytochrome P450 enzyme inducers, such as phenobarbital or rifampin, are co-administered with montelukast.

**Storage**
Store below 30° C in dry place, away from light. Keep out of the reach of children.

**Packing**
**Montinex 4 Tablet**: Each Commercial box contains 3X10's tablets in Alu-Alu blister pack.
**Montinex 5 Tablet**: Each Commercial box contains 3X10's tablets in Alu-Alu blister pack.
**Montinex 10 Tablet**: Each Commercial box contains 3X10's tablets in Alu-Alu blister pack.
**Montinex Fast Tablet**: Each Commercial box contains 3X10's tablets in Alu-Alu blister pack.
**Montinex R Tablet**: Each Commercial box contains 5X10's tablets in Alu-Alu blister pack.

Manufactured By
BEACON®
Pharmaceuticals PLC
Bhaluka, Mymensingh, Bangladesh

1300003040

# মন্টিনেক্স
মন্টিলুকাস্ট

**উপাদান**
**মন্টিনেক্স ৪ ট্যাবলেটঃ** প্রতিটি চুষে খাওয়ার ট্যাবলেটে রয়েছে মন্টিলুকাস্ট সোডিয়াম বিপি যা ৪ মিগ্রা মন্টিলুকাস্টের সমতুল্য।
**মন্টিনেক্স ৫ ট্যাবলেটঃ** প্রতিটি চুষে খাওয়ার ট্যাবলেটে রয়েছে মন্টিলুকাস্ট সোডিয়াম বিপি যা ৫ মিগ্রা মন্টিলুকাস্টের সমতুল্য।
**মন্টিনেক্স ১০ ট্যাবলেটঃ** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে রয়েছে মন্টিলুকাস্ট সোডিয়াম বিপি যা ১০ মিগ্রা মন্টিলুকাস্টের সমতুল্য।
**মন্টিনেক্স ফাস্ট ট্যাবলেটঃ** প্রতিটি চুষে খাওয়ার ট্যাবলেটে রয়েছে মন্টিলুকাস্ট সোডিয়াম বিপি যা ১০ মিগ্রা মন্টিলুকাস্টের সমতুল্য।
**মন্টিনেক্স আর ট্যাবলেটঃ** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে রয়েছে মন্টিলুকাস্ট সোডিয়াম বিপি যা ১০ মিগ্রা মন্টিলুকাস্টের সমতুল্য।

**ফার্মাকোলোজি**
**কার্যপদ্ধতি**
মন্টিনেক্স (মন্টিলুকাস্ট) মুখে সেবনযোগ্য নির্বাচিত লিউকোট্রাইন রিসেপ্টর এন্টাগনিস্ট যা সিস্‌টেইনাইল লিউকোট্রাইন রিসেপ্টরকে প্রতিহত করে। এরাকিডনিক এসিডের বিপাকীয় দ্রব্য হলো সিস্‌টেইনাইল লিউকোট্রাইন (এলটিসি$_{৪}$, এলটিডি$_{৪}$, এলটিই$_{৪}$) যা মাস্ট সেল এবং ইসোনোফিলসহ বিভিন্ন ধরনের সেল থেকে নির্গত হয়। সিস্‌টেইনাইল লিউকোট্রাইনের উৎপাদন এবং রিসেপ্টরের সাথে এর বন্ধন, এ্যাজমার উপসর্গ যেমন শ্বাসতন্ত্রের শোথ, মাংসপেশীর (স্মুথ) সংকোচন প্রভৃতির সাথে সম্পর্কিত। ইহা প্রদাহের মাধ্যমে কোষের কার্যকারিতার পরিবর্তন করে, যার ফলে এ্যাজমার লক্ষণ ও উপসর্গ দেখা দেয়।

**নির্দেশনা**
পূর্ণবয়স্ক এবং শিশুদের এ্যাজমা রোগের প্রতিষেধক এবং দীর্ঘস্থায়ী এ্যাজমা রোগের ব্যবস্থাপনায় মন্টিনেক্স নির্দেশিত।

**সেবনবিধি ও গ্রহণমাত্রা**

| বয়স | মাত্রা |
|---|---|
| ৬ মাস - ৬ বছর | ৪ মিগ্রা দৈনিক ১ বার, সন্ধ্যায় |
| ৬ বছর - ১৫ বছর | ৫ মিগ্রা দৈনিক ১ বার, সন্ধ্যায় |
| ১৫ বছর এবং এর উর্ধ্বে বয়স্কদের | ১০ মিগ্রা দৈনিক ১ বার, সন্ধ্যায় |

**মন্টিনেক্স** (মন্টিলুকাস্ট) খাদ্য গ্রণের সাথে সম্পৃক্ত নয়।
অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**প্রতিনির্দেশনা**
মন্টিলুকাস্ট কিংবা এর যে কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীল রোগীদের জন্য ইহা প্রতিনির্দেশিত।

**পার্শ্ব প্রতিক্রিয়া**
মন্টিলুকাস্ট সাধারণত অত্যন্ত সুসহনীয়। পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ যা সাধারণত মৃদু ধরনের, তার মধ্যে রয়েছে পরিপাকতন্ত্রের অস্বাচ্ছন্দ্য, শুকনো মুখ, তৃষ্ণা, এনাফাইলেক্সিস, এনজিওএডেমা এবং ত্বকের প্রতিক্রিয়াসহ বিভিন্ন ধরনের অতিসংবেদনশীলতা, দুর্বলতা, মাথা ঘোরানো, স্পর্শকাতরতা, অস্থিরতা, মাথাব্যথা, নিদ্রাজনিত সমস্যা (অনিদ্রা, তন্দ্রাচ্ছন্নতা, দুঃস্বপ্ন), উর্ধ্ব শ্বাসতন্ত্রের সংক্রমণ, জ্বর, সন্ধি বেদনা, পেশীর বেদনা। মন্টিলুকাস্ট দিয়ে সৃষ্ট পার্শ্ব প্রতিক্রিয়ার হার প্লাসিবোর মতই।

**সাবধানতা**
তীব্র এ্যাজমার চিকিৎসায় মন্টিলুকাস্ট নির্দেশিত নয়। তীব্র এ্যাজমার ক্ষেত্রে অন্যান্য চিকিৎসার পাশাপাশি মন্টিলুকাস্ট দিয়ে চিকিৎসা চলতে থাকবে। এক্সারসাইজ সমন্বিত ব্রঙ্কোস্পাজমের চিকিৎসা এবং তার ব্যবস্থাপনায় মনোথেরাপি হিসেবে মন্টিলুকাস্ট নির্দেশিত নয়।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার**
গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে পর্যাপ্ত এবং সুনিয়ন্ত্রিত পরীক্ষা নিরীক্ষা করা হয় নাই। একান্ত প্রয়োজনীয় বিবেচিত হলে গর্ভাবস্থায় মন্টিলুকাস্ট ব্যবহার করা যেতে পারে। মন্টিলুকাস্ট মাতৃদুগ্ধে নিঃসরিত হয়। দুগ্ধদানকারী মায়েদের ক্ষেত্রে মন্টিলুকাস্ট সেবনে সাবধানতা অবলম্বন করতে হবে।

**অন্যান্য ঔষধের সাথে ক্রিয়া**
মন্টিলুকাস্ট ও একই সাথে শক্তিশালী সাইটোক্রোম পি ৪৫০ এনজাইম নিঃসারক যেমন ফেনোবারবিটাল অথবা রিফামপিন সেবনের ক্ষেত্রে যথোচিত পর্যবেক্ষন করা যুক্তিযুক্ত।

**সংরক্ষণ**
আলো থেকে দূরে, ৩০° সেলসিয়াস এর নিচে শুকনো স্থানে রাখুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহ**
**মন্টিনেক্স ৪ ট্যাবলেটঃ** প্রতিটি বানিজ্যিক মোড়কে আছে ৩X১০ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।
**মন্টিনেক্স ৫ ট্যাবলেটঃ** প্রতিটি বানিজ্যিক মোড়কে আছে ৩X১০ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।
**মন্টিনেক্স ১০ ট্যাবলেটঃ** প্রতিটি বানিজ্যিক মোড়কে আছে ৩X১০ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।
**মন্টিনেক্স ফাস্ট ট্যাবলেটঃ** প্রতিটি বানিজ্যিক মোড়কে আছে ৩X১০ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।
**মন্টিনেক্স আর ট্যাবলেটঃ** প্রতিটি বানিজ্যিক মোড়কে আছে ৫X১০ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

প্রস্তুতকারক
**বীকন ফার্মাসিউটিক্যালস্ পিএলসি**
ভালুকা, ময়মনসিংহ, বাংলাদেশ

| Width | 82 mm | Length | 294 mm |
|---|---|---|---|

Deputy Manager, DTP